ওয়াশ সেক্টর জেন্ডার পলিসি

সুচিপত্র

ওয়াশ সেক্টর জেন্ডার পলিসি ১
১. যৌক্তিকতা ২
২. সুযোগ ২
৩. পলিসি স্টেটমেন্ট ৩
৪. জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়ন প্রশ্নে মূল প্রতিশ্রুতিসমূহ ৩
৫. নীতিমালা ৩
৬. ওয়াশ সেক্টর অংশীদারদের জন্য দায়িত্ব ৪
৭. ওয়াশ সেক্টর অংশীদারদের জন্য প্রস্তাবনা ৪
৮. ওয়াশ সেক্টর জেন্ডার টিপ-শিট ৬
৯. সংক্ষিপ্তসার তালিকা ৯
১০. পটভূমির তথ্য ৯

১. যৌক্তিকতা

এই নীতির উদ্দেশ্য হলো কীভাবে ওয়াশ সেক্টরের জেন্ডার সংক্রান্ত সমস্যাগুলোর সমাধান করা যায় সে সম্পর্কে মূল প্রস্তাবনা নির্ধারণ করা। এটি জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়নকে মানবিক ও দীর্ঘকালীন উন্নয়ন সংক্রান্ত দিকনির্দেশনার ক্ষেত্রে মূল নীতি হিসেবে গড়ে তুলতে ওয়াশ সেক্টর ও এর অংশীদারদের সাহায্য করবে। কক্সবাজারে ওয়াশ সেক্টরের হিউম্যানিটারিয়ান ম্যান্ডেটে নিহিত জেন্ডার সমতাকে আত্মীকরণের যৌক্তিকতা হলো কোনো ধরনের বৈষম্য ছাড়াই মানুষের দুর্দশা লাঘব করা।

‘জেন্ডার’ বলতে নারী ও পুরুষের সমাজ-নির্মিত বৈষম্য এবং সারা জীবনজুড়ে তাদের মধ্যেকার সম্পর্ককে বোঝায়।[১] প্রতিটি সমাজে নারী, পুরুষ, মেয়ে ও ছেলেরা বিভিন্ন ভূমিকা পালন করে এবং তাদের চাহিদাও ভিন্ন। এক্ষেত্রে নারী ও পুরুষের সুনির্দিষ্ট চাহিদা, তাদের দুর্বলতা ও সক্ষমতাগুলোকে স্বীকৃতি দেয়া হয়েছে এবং সেগুলো নিয়ে কাজ চলছে, এটা নিশ্চিত করার জন্য জেন্ডার সংবেদনশীল দৃষ্টিভঙ্গি প্রয়োজন।

রোহিঙ্গা শরণার্থী সঙ্কটের সুনির্দিষ্ট জেন্ডারভিত্তিক প্রকৃতি ছিল শুরু থেকেই। শরণার্থী ও স্থানীয় জনগোষ্ঠীসহ ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর ৫১ শতাংশই নারী।[২] মেয়েরা (৫ থেকে ১৭ বছর বয়সী নারী শরণার্থী) - পিছিয়ে পড়া জনগোষ্ঠীর একটি বড় (১৮%[৩]) অংশই নারী – বিশেষভাবে যৌন শোষণ, নির্যাতন ও অবহেলার ঝুঁকিতে থাকেন। মাঠ-পর্যায়ের এই বাস্তবতা জীবন বাঁচানোর লক্ষ্যে অন্যান্য চ্যালেঞ্জের পাশাপাশি ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর মৌলিক মানবাধিকার রক্ষা এবং জেন্ডার দৃষ্টিভঙ্গি পরিবর্তনের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণে কিছু সুযোগ রয়েছে।

হিউম্যানিটারিয়ান অংশীদাররা যেখানে জেন্ডার, নারী ও মেয়েদের সুরক্ষা ও তাদের ক্ষমতায়ন সংক্রান্ত সমস্যাগুলোর সমাধানের লক্ষ্যে কাজ করছেন, সেখানে "ক্ষতি করাকে না বলুন" (Do no Harm), ক্ষমতায়ন এবং জবাবদিহিতা সম্পর্কিত নীতিসহ প্রতিটি সেক্টরের কর্মকাণ্ডের মূলস্রোতে জেন্ডারকে এখনও যথেষ্ট অন্তর্ভুক্ত করা হয়নি। এক্ষেত্রে এখনও ঘাটতি ও চ্যালেঞ্জ রয়েছে, যা নিয়ে প্রচুর কাজ করা প্রয়োজন। যেমন- সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নারী ও মেয়েদের অংশগ্রহণ, বিশেষত ওয়াশ সংক্রান্ত নির্মাণ, সুবিধা ও ওয়াশ পরিষেবা ব্যবহারের ক্ষেত্রে। এক্ষেত্রে বিশেষ চাহিদাসম্পন্ন নারী ও মেয়েরা আরও বেশি সমস্যার মুখোমুখি হচ্ছেন। কভিড-১৯ সংক্রান্ত সাম্প্রতিক পরিস্থিতি নারী ও মেয়েদের জীবনে আরও বেশি বোঝা তৈরি করেছে, যা বিদ্যমান লিঙ্গ বৈষম্যকে আরও বাড়িয়ে তুলেছে[৪]।

এই নীতিটি স্ট্র্যাটেজিক এক্সিকিউটিভ গ্রুপ (SEG) কর্তৃক অনুমোদিত জেন্ডার সমতাভিত্তিক প্রতিশ্রুতিগুলোকে প্রণয়নের জন্য একটি কাঠামো দেবে।

২. সুযোগ

এই পলিসিটি এমন একটি কাঠামো, যা ওয়াশ সেক্টর **ও** স্বতন্ত্র সেক্টর অংশীদারদের জন্য কিছু নীতিমালা, মানদণ্ড ও কাজ নির্দিষ্ট করে দিয়েছে। এগুলোর মাধ্যমে তারা জেন্ডার ভিন্নতা ও জেন্ডার বৈষম্যের বিষয়গুলোকে গুরুত্ব দিয়ে বিবেচ্য বিষয়টি নিশ্চিত করবেন। পাশাপাশি এই দুটো বিষয়কে জরুরি পরিস্থিতির প্রস্তুতি, সাড়াদান এবং জয়েন্ট রেসপন্স প্ল্যান (JRP) বাস্তবায়নের সাথে সম্পর্কিত করবেন।

এই পলিসিকে আইএএসসি (IASC[৫]) জেন্ডার হ্যান্ডবুক ও আইএএসসি জেন্ডার উইথ এজ মার্কার (GAM), স্ট্র্যাটেজিক এক্সিকিউটিভ গ্রুপ (SEG) কর্তৃক অনুমোদিত জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়ন শীর্ষক প্রতিশ্রুতি (GEEWG)-এর পাশাপাশি ব্যবহার করতে হবে। এছাড়া এর কার্যক্রম বাস্তবায়ন ও অগ্রগতি পর্যবেক্ষণ সংক্রান্ত অ্যাকাউন্টিবিলিটি ফ্রেমওয়ার্ক[৬]-এর সাথে ব্যবহার করতে হবে।

৩. পলিসি স্টেটমেন্ট

জেন্ডার সমতা ও হিউম্যানিটারিয়ান অ্যাকশনে নারী ও মেয়েদের ক্ষমতায়নের লক্ষ্যে ওয়াশ সেক্টর প্রতিশ্রুতিবদ্ধ।

জেন্ডার ইস্যুর পরিপ্রেক্ষিতে কক্সবাজারে ওয়াশ সেক্টর ও এর অংশীদাররা নারী, পুরুষ, মেয়ে ও ছেলেদের এবং অন্যান্য জেন্ডার পরিচয়ের ব্যক্তিদের বিভিন্ন প্রয়োজন অনুসারে এবং সাড়াদানের প্রতিটি ক্ষেত্রে সব লিঙ্গ ও বয়সীদের মতামত নেয়া ও সমানভাবে তাদের সুযোগ-সুবিধা নিশ্চিত করার উদ্যোগ নিয়েছে। এক্ষেত্রে তারা স্বীকার করে নিয়েছে যে স্থানচ্যুতি, রোগের প্রাদুর্ভাব, ভূমিধ্বস, বন্যা ও ঘূর্ণিঝড় নারী ও পুরুষকে আলাদাভাবে প্রভাবিত করতে পারে।

সাড়াদানের ক্ষেত্রে সবাই যাতে সমানভাবে উপকৃত হয় তা নিশ্চিত করতে জনগোষ্ঠীর প্রতিটি স্তর থেকে পাওয়া ইনপুটগুলোকে আরও বেশি হারে ব্যবহার করা হবে।

৪. জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়নের প্রশ্নে মূল প্রতিশ্রুতিসমূহ

- লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-ভিত্তিক[৭] তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং ব্যবহারের পাশাপাশি নারী, মেয়ে ও প্রান্তিক জনগোষ্ঠীর সাথে সমানভাবে পরামর্শ করুন।
- ওয়াশ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার সুবিধার্থে জীবিকা ও উপার্জনের উদ্যোগ নিয়ে কাজ করে এমন সব প্রকল্প ও অংশীদারদের সাথে যোগাযোগ ও সহয়োগিতা করুন, যেগুলো নারী ও মেয়েদের অংশগ্রহণকে অগ্রাধিকার দেয়।
- মিটিং, জনগোষ্ঠীর সাথে পরামর্শ এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াসহ সামগ্রিক সাড়াদান প্রক্রিয়ায় নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর নেতৃত্ব ও তাদের সমান ও অর্থবোধক প্রতিনিধিত্ব উৎসাহিত করুন।
- ক্ষতিকারক সামাজিক ও প্রাতিষ্ঠানিক জেন্ডারভিত্তিক আচরণগুলোকে সামনে আনার জন্য জেন্ডার মেইনস্ট্রিমিঙের মাধ্যমে জেন্ডার-ভিত্তিক সহিংসতা ও যৌন শোষণ ও নির্যাতনের ঘটনা প্রতিরোধ, প্রশমন এবং এসব ঘটনায় প্রতিক্রিয়া জানাতে অবদান রাখুন।
- জেন্ডার মেইনস্ট্রিমিং ও জেন্ডার সংক্রান্ত সুনির্দিষ্ট কর্মসূচি গ্রহণ- উভয়ের জন্য সুনির্দিষ্ট অর্থখাত চিহ্নিত করে জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়ন কর্মসূচিকে (GEEWG) পরিপূর্ণভাবে অর্থায়নের বিধান গ্রহণ করুন।

৫. নীতিমালা

নিচের নীতিমালাসমূহ আইএএসসি (IASC) জেন্ডার পলিসি থেকে নেয়া হয়েছে এবং এর সাথে প্রতিটি সেক্টরের জেন্ডার পলিসি সামঞ্জস্যপূর্ণ হওয়া প্রয়োজন:

- জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়নের মূল উদ্দেশ্য হলো হিউম্যানিটারিয়ান অ্যাকশনে মানবাধিকারকে বাস্তবায়ন করতে উৎসাহিত করা।
- কার্যকর এবং জীবন রক্ষাকারী হিউম্যানিটারিয়ান অ্যাকশন পরিচালনায় সাফল্য অর্জনের ক্ষেত্রে জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়ন খুবই গুরুত্বপূর্ণ একটি উপাদান। এটি সকল অংশীদারের দায়িত্ব। একে ঐচ্ছিক কিংবা অতিরিক্ত দায়িত্ব হিসেবে দেখার সুযোগ নেই। জেন্ডারকে বুঝতে হলে একে কেবল নারী-পুরুষ পরিচয়ের ভিত্তিতে বোঝা সম্ভব না, এতে এলজিবিটিকিউআই (লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুইউয়ার, ইন্টারসেক্স) হিসেবে চিহ্নিত ব্যক্তিদেরও অন্তর্ভুক্ত করতে হবে।

- সব পরিকল্পনা ও কার্যক্রমে নারী ও মেয়েদের সমান ও অর্থবহভাবে অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে পুরুষ ও ছেলেদের মতো নারী ও মেয়েদেরও জ্ঞান, সক্ষমতা এবং তাদের অন্তর্নিহিত শক্তিকে চিহ্নিত করে সব মানবিক তৎপরতায় তাদেরকে শক্তিশালী করতে হবে, যাতে তারা হিউম্যানিটারিয়ান অ্যাকশনে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারেন।
- জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়ন প্রশ্নে টেকসই পরিবর্তন আনা এবং এর স্থিতিশীলতাকে শক্তিশালী করতে হলে দুর্যোগ ঝুঁকি হ্রাস, হিউম্যানিটারিয়ান রেসপন্স ও উন্নয়ন কর্মকাণ্ডে বলিষ্ঠ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। পাশাপাশি সংঘাত নিরসন এবং শান্তি স্থাপনে শক্তিশালী পদক্ষেপ দরকার।
- নারী, শান্তি ও নিরাপত্তা সম্পর্কিত সর্বসম্মতিতে গৃহীত প্রস্তাবনাগুলো বাস্তবায়ন করার পথে সংঘাতের অ-সামরিকী সমাধান একটি মৌলিক শর্ত।

৬. ওয়াশ সেক্টর অংশীদারদের দায়িত্ব

ওয়াশ সেক্টরের অংশীদার সংস্থাগুলোর ঊর্ধ্বতন কর্মকর্তারা নিচের বিষয়গুলো বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ:

- কর্মসূচী প্রণয়ন, বাস্তবায়ন, পর্যবেক্ষণ ও মূল্যায়ন করার সময় নারী ও পুরুষের মধ্যকার সামাজিক ও জেন্ডারগত পার্থক্য বুঝতে কর্মী, স্বেচ্ছাসেবী ও সংশ্লিষ্ট অন্যান্য অংশীদারদের সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি;
- জেন্ডার পৃথিকীকৃত যথেষ্ট সম্পদ বরাদ্দ ও পরিষেবা প্রদানসহ সব জেন্ডারের ব্যক্তির জন্য কাজের নিরাপদ পরিবেশ নিশ্চিত করা;
- নিয়োগ, পদোন্নতি, সুবিধা ও প্রশিক্ষণ প্রদানের সময়ে নারী ও পুরুষ কর্মীদের ও স্বেচ্ছাসেবীদের সমান সুযোগ নিশ্চিত করা;
- বিদ্যমান ও ভবিষ্যত কর্মসূচিগুলোকে উন্নত করার জন্য জেন্ডার অ্যানালাইসিসকে বিবেচনায় নেয়া;
- সংগঠনের সব স্তরে, বিশেষত সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীদের জড়িত করার জন্য সংস্থার আভ্যন্তরীণ কাঠামোর বিভিন্ন স্তরে জেন্ডার ভারসাম্য নিশ্চিত করা;
- রেসপন্স প্রক্রিয়ার অন্তর্ভুক্ত প্রতিটি প্রকল্পে জেন্ডার সংবেদনশীলতা নিশ্চিত করার জন্য সংস্থার পলিসি ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার প্রভাব মূল্যায়ন করা;
- জেন্ডার-ভিত্তিক কর্মসূচির জন্য সুনির্দিষ্ট পরিমাণে আর্থিক সম্পদ বরাদ্দ করা।

৭. ওয়াশ সেক্টর অংশীদারদের জন্য সুপারিশ

- ওয়াশ সেক্টরে জেন্ডার সম্পর্কিত বাধা, বিপত্তি ও সেগুলো কাটিয়ে ওঠার সুযোগগুলো চিহ্নিত করতে পরিস্থিতি বিশ্লেষণ ও প্রয়োজনীয় পদক্ষেপ নির্ধারণের সময় জেন্ডারের দৃষ্টিকোন থেকে দেখুন। সব ধরনের প্রতিবন্ধকতা ও বিপত্তি কাটিয়ে ওঠার জন্য সবচেয়ে প্রান্তিক জনগোষ্ঠীটিকে চিহ্নিত করা হয়েছে এবং কর্মসূচী প্রণয়ন, বাস্তবায়ন, পর্যবেক্ষণ ও মূল্যায়নের ক্ষেত্রে তাদের মতামত প্রতিফলিত হয়েছে কি না, তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ;
- জেন্ডার মেইনস্ট্রিমিঙের জন্য গৃহীত কর্মসূচি ও এর ফলাফল সম্পর্কিত প্রতিবেদন তৈরি ও এ সংক্রান্ত জবাবদিহিতা নিশ্চিত করুন। এরমধ্যে রয়েছে সব স্তরে সব ধরনের ওয়াশ কর্মকাণ্ডে নারী, পুরুষ ও অন্যদের সমান ও অর্থবহ অংশগ্রহণ নিশ্চিত করার জন্য পারফরম্যান্স মূল্যায়ন, বাজেট বরাদ্দ বিশ্লেষণ;
- আলাদা আলাদা পরিস্থিতি এবং নারী, পুরুষ, ও অন্যান্য জনগোষ্ঠীর আলাদা আলাদা প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নেয়া ও রেসপন্সের ক্ষেত্রে যথেষ্ট নমনীয়তা নিশ্চিত করুন;
- ওয়াশ সেক্টরের অংশীদার সংস্থাগুলো এটা নিশ্চিত করবে যে, মাসিককালীন স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনাসহ (MHM) ওয়াশ সংক্রান্ত নতুন ও বিদ্যমান পরিষেবাগুলো নারী ও মেয়েদের প্রয়োজনের নিরিখে যথাযথভাবে গ্রহণ করা হয়েছে;

- নারী ও মেয়েদের কাছে সাংস্কৃতিকভাবে গ্রহণযোগ্য ও উপযুক্ত কিনা, সে সম্পর্কে মতামত নিয়ে জনসংযোগ বা প্রচার সামগ্রী (Communication materials) তৈরি করা প্রয়োজন;
- নারী ও মেয়েদের বিরুদ্ধে জেন্ডার-ভিত্তিক সহিংসতার (GBV) ঝুঁকি প্রতিরোধে অবদান রাখার লক্ষ্যে ওয়াশ সংক্রান্ত প্রোগ্রাম (অংশীদারিত্ব, কর্মসূচী প্রণয়ন, স্থান নির্বাচন ইত্যাদি) উন্নত করতে সহায়তা করুন;
- পানি, স্যানিটেশন ব্যবস্থা এবং স্বাস্থ্যবিধি উন্নয়নে ওয়াশ সম্পর্কিত বিষয় ও কমিটিতে নারীর অংশগ্রহণ ও নেতৃত্ব নিশ্চিত করুন;
- ওয়াশ পরিকাঠামো ও পরিষেবাগুলো পরিকল্পনার সময় প্রতিবন্ধী নারী, পুরুষ ও অন্যান্য জেন্ডারের মতামত শোনা ও বিবেচনা করার বিষয়টি নিশ্চিত করুন।

ব্যবহারিক উদাহরণের জন্য **জেন্ডার টিপ-শিট** (পরের পৃষ্ঠায়) দেখুন।

৮. ওয়াশ সেক্টর জেন্ডার টিপ-শিট

ওয়াশ প্রোগ্রামিঙের প্রতিটি কর্মক্ষেত্র নিয়ে তৈরি এই টিপ-শিটটি সম্ভাব্য মূল সুপারিশসমূহের সংক্ষিপ্তসার। কীভাবে জেন্ডার সংবেদনশীল কর্মসূচি বাস্তবায়ন করা যায়, তার ব্যবহারিক নির্দেশিকা হিসেবে এটিকে ব্যবহার করা যেতে পারে।

কর্মক্ষেত্র	**জেন্ডার সংবেদনশীল প্রোগ্রামিং বাস্তবায়নের জন্য মূল-প্রস্তাবনা**
নিডস এসেসমেন্ট ও বিশ্লেষণ	**লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-ভিত্তিক তথ্য** সংগ্রহ ও বিশ্লেষণ করুন। ওয়াশ সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের চাহিদা, সক্ষমতা, প্রতিবন্ধকতা ও আকাঙ্ক্ষা বোঝার জন্য অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করুন এবং বিশেষ ধরনের চাহিদাসম্পন্ন জনগণকে চিহ্নিত করুন। বিশ্লেষণের জন্য সম্ভাব্য প্রেক্ষাপটগুলো হলো: • জেন্ডার ভূমিকা ও ক্ষমতার বিশ্লেষণ । উদাহরণস্বরূপ - ওয়াশ সেক্টরে বিভিন্ন জেন্ডারের ভূমিকা (পানি সংগ্রহ, কাপড় ধোয়া ইত্যাদি) এবং এসব কাজে কতটুকু সময় ব্যয় হয়, ওয়াশ সংক্রান্ত বিষয়ে নারী ও পুরুষদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা (যেমন- ওয়াশ অবকাঠামোগুলোর ব্যবস্থাপনা, ওয়াটার পয়েন্টের জায়গা নির্বাচন ও তৈরি ইত্যাদি), শিশুদের স্বাস্থ্যবিধিতে জেন্ডার রোলের ভূমিকা। • জেন্ডার-সম্পর্কিত সাংস্কৃতিক চর্চা। উদাহরণস্বরূপ- গোসলের জন্য আলাদা স্থান, সাংস্কৃতিকভাবে উপযুক্ত স্বাস্থ্য উপকরণ, সঙ্কট শুরুর পর থেকে স্বাস্থ্যচর্চায় পরিবর্তন (যেমন- হাত ধোয়া, ধর্মীয় স্থান পরিষ্কার ও ওযূ করা, দাফন ও মরদেহ দাহ করা ইত্যাদি)। • জেন্ডার-নির্দিষ্ট চাহিদা। উদাহরণস্বরূপ- নারী ও কিশোরীদের মাসিককালীন চাহিদা, অন্যান্য পরিষেবা গ্রহণের ক্ষেত্রে মাসীককালীন চাহিদার প্রভাব (যেমন- পর্যাপ্ত পানির সরবরাহ ও মাসীককালীন ব্যবহৃত পণ্য ফেলার জন্য আলাদা টয়লেট না থাকলে মেয়েরা স্কুলে যেতে পারে না)। • সুরক্ষার চাহিদা। উদাহরণস্বরূপ- ওয়াশ অবকাঠামো ব্যবহারের সময় জেন্ডার-ভিত্তিক সহিংসতার (GBV) সম্ভাব্য ঝুঁকি। • ওয়াশ সম্পর্কিত জ্ঞান ও দক্ষতা। উদাহরণস্বরূপ- হাত ধোয়া, মাসিককালীন ব্যবহৃত পণ্য নিরাপদে পরিষ্কার করার ও ফেলার ব্যবস্থা, অন্য যেকোনো কার্যকর লোকজ ও স্থানীয় জ্ঞান, যা ব্যাপকভাবে চর্চা হয় এবং কারা এগুলো চর্চা করেন (নারী ও পুরুষ)। • ইন্টারসেকশনাল বিষয়সমূহ। উদাহরণস্বরূপ- ওয়াশ অবকাঠামো ব্যবহারের ক্ষেত্রে এলজিবিটিকিউআই (LGBTQI) ব্যক্তিদের জন্য, প্রতিবন্ধী ব্যক্তি, বয়স্ক ব্যক্তি ও গর্ভবতী নারীদের জন্য এবং বিভিন্ন সম্প্রদায় ও ধর্মের জন্য ওয়াশ অবকাঠামো ব্যবহারের ক্ষেত্রে বাধা। • ওয়াশ সেক্টরের রেসপন্স প্রক্রিয়ায় ঘাটতিগুলো শনাক্ত করতে অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস পরিচালনার সময় নিচের বিষয়গুলো বিবেচনায় নিন: • ওয়াশ অবকাঠামো। উদাহরণস্বরূপ- কাঠামোগুলো নিরাপদ, আলোকিত ও ব্যবহারযোগ্য, এগুলোতে তালা আছে এবং তা গোপনীয়তা নিশ্চিত করে, বিভিন্ন ধরনের অবকাঠামোগুলো সাংস্কৃতিকভাবে উপযুক্ত। • অভিগম্যতা। উদাহরণস্বরূপ- ওয়াশ অবকাঠামোগুলোর দূরত্ব ও নিরাপত্তা নারী, পুরুষ, মেয়ে ও ছেলে, প্রতিবন্ধী ব্যক্তির যাতায়াতের জন্য সুবিধাজনক এবং সেখানে সারিবদ্ধভাবে দাঁড়ানো এবং অপেক্ষা করার সুযোগ আছে। • ওয়াশ উপকরণ। উদাহরণস্বরূপ- সাংস্কৃতিকভাবে উপযুক্ত স্বাস্থ্যকর উপকরণ, পর্যাপ্ত পরিমাণে উপকরণ, পানি সংগ্রহের জন্য উপযুক্ত ধারক। • ওয়াশ কর্মী। উদাহরণস্বরূপ- জেন্ডার সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান, ওয়াশ কর্মীদের মেনে চলার জন্য বিধিমালা (Code of Conduct)/ পিএসইএ-এর জন্য স্বেচ্ছাসেবী/ নারী কর্মীদের জন্য প্রশিক্ষণ সহায়তা নিশ্চিত করা। • ওয়াশ পলিসি/ পরিকল্পনার মূল্যায়ন। উদাহরণস্বরূপ- ওয়াশ পলিসি/ পরিকল্পনায় সুনির্দিষ্ট জেন্ডার সংক্রান্ত বিবেচনার বিধান।

	• লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-ভিত্তিক তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ (SADDD) করে এবং নারী, মেয়ে, পুরুষ ও ছেলেদের সাথে পরামর্শ করে জেন্ডার অ্যানালাইসিস নিশ্চিত করুন। উদাহরণস্বরূপ- লিঙ্গ-ভিত্তিক ফোকাস গ্রুপ; সময়/ অবস্থান/ অবকাঠামোগত সুবিধা নিশ্চিত করুন, যা সবার অংশগ্রহণের জন্য সুবিধাজনক (যেমন-অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সাথে শিশু থাকা নারীদের জন্য শিশু যত্নের ব্যবস্থা করুন)।
কৌশলগত পরিকল্পনা	• লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-ভিত্তিক তথ্য (SADDD) ব্যবহার করে পরিকল্পনা সংক্রান্ত নথি ও পরিস্থিতির প্রতিবেদনগুলোতে (situation reports) জেন্ডার অ্যানালাইসিস প্রতিফলিত করুন। • নারী, পুরুষ, মেয়ে, ছেলে ও অন্যান্য ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর (এলজিবিটিকিউআই, বয়স্ক, প্রতিবন্ধী ব্যক্তি ইত্যাদি) সাথে পরামর্শ তরে তাদের চাহিদা অনুযায়ী কার্যক্রম প্রণয়ন নিশ্চিত করুন, যাতে তাদের চাহিদাগুলো মেটানো যায়। ওয়াশ সেক্টরে সমান ও অন্তর্ভুক্তিমূলক প্রবেশগম্যতা নিশ্চিত করুন, যা নারী, মেয়ে, পুরুষ, ছেলে ও অন্যান্য ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর (এলজিবিটিকিউআই, প্রতিবন্ধী ব্যক্তি ইত্যাদি) চাহিদার পাশাপাশি সামাজিক-সাংস্কৃতিক প্রেক্ষাপটের ভিত্তিতে (Do No Harm) গৃহীত; নিচের বিষয়গুলোকে সম্ভাব্য বিষয় হিসেবে বিবেচনা করুন: • ওয়াশ অবকাঠামোয় প্রবেশগম্যতা। উদাহরণস্বরূপ- আশ্রয়স্থল থেকে গ্রহণযোগ্য দূরত্ব, নিরাপদ ও আলোকিত রাস্তা, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য গমনযোগ্য, সুবিধাজনক ও নিরাপদ সময়ে পানির সরবরাহ। • জেন্ডার ও প্রতিবন্ধিতা-সহায়ক ওয়াশ অবকাঠামো। উদাহরণস্বরূপ- সুস্পষ্টভাবে পৃথকযোগ্য (যেমন- রঙ দেয়া) জেন্ডার-বিভাজিত ল্যাট্রিন ও গোসলের স্থান, যা প্রতিবন্ধী ব্যক্তিদের ব্যবহারের উপযোগী, মাসিককালীন স্বাস্থ্য উপকরণ ফেলার সুযোগ/পরিষ্কার করার ব্যবস্থা, এলজিবিটিকিউআই (LGBTQI) সংবেদনশীল অবকাঠামো, পানির হাত-পাম্পগুলো নারী ও মেয়ে-বান্ধব। • ওয়াশ অবকাঠামোগুলোর সুরক্ষা। উদাহরণস্বরূপ- তালা, অবস্থান (যেমন- কয়েকটি পরিবারের ব্যবহারযোগ্য টয়লেট সুবিধা, ব্লক কিংবা সাব-ব্লক পরিচালিত ওয়াশ অবকাঠামো কিংবা একই ব্লকে কেবল নারীদের জন্য স্থাপিত গোসল করা ও কাপড় ধোয়ার স্থান), আলোর ব্যবস্থা (যেমন- ল্যাট্রিনের কাছেই বহনযোগ্য সৌর আলো বিতরণ), কর্মহীন পুরুষ ও ছেলেদের উপস্থিতি, অপেক্ষমানদের সারি/অপেক্ষার সময়সীমা, "কেবল নারীদের" জন্য ওয়াশ পরিষেবা জোন তৈরি। • উপকরণ। উদাহরণস্বরূপ- সাংস্কৃতিকভাবে উপযুক্ত, পর্যাপ্ত, উপযুক্ত পাত্র (যেমন- বহনযোগ্য পানির পাত্র), ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে সহায়তা/উপকরণের সহজপ্রাপ্যতা নিশ্চিত করা, বিদ্যমান অবকাঠামোগুলোর পুনঃনির্মাণ, ঘূর্ণিঝড় প্রতিরোধী নকশার ব্যবহার। • জেন্ডার ভারসাম্যপূর্ণ ওয়াশ কর্মী/স্বেচ্ছাসেবী/কমিটি। উদাহরণস্বরূপ- নারী কর্মীদের নিয়োগ, প্রশিক্ষণ এবং চাকরিতে তাদের বহাল রাখা, নারী নেতৃত্বাধীন ওয়াশ কমিটি গঠন করা। নারী, মেয়ে, পুরুষ ও ছেলেদের জন্য মানসম্মত ওয়াশ ব্যবস্থা নিশ্চিতকরণে বাধাগুলোকে চিহ্নিত করতে অন্যান্য সেক্টরের সাথে কাজ করুন, যাতে সামগ্রিক পরিকল্পনা তৈরি করা যায়; নিচের বিষয়গুলোকে সম্ভাব্য বিষয় হিসেবে বিবেচনা করুন: • ওয়াশ সেক্টরে নারী, মেয়ে, পুরুষ ও ছেলেদের অংশগ্রহণের বাধাগুলোকে চিহ্নিত করুন। উদাহরণস্বরূপ- কমিউনিটি ওয়াশ কমিটি কিংবা আলাদা কমিটিতে নারী ও পুরুষের সমান অংশগ্রহণ; নারীদের অংশগ্রহণ নিশ্চিত করার বিধান (যেমন-শিশুযত্ন কেন্দ্রের ব্যবস্থা)। • কমিউনিটির সচেতনতা ও সামাজিক আচরণে পরিবর্তন। উদাহরণস্বরূপ- ওয়াশ সম্পর্কিত পারিবারিক কাজগুলোকে নারী ও পুরুষের মধ্যে ভাগ করে নেয়ার বিষয়ে জনগোষ্ঠীর সচেতনতা বৃদ্ধি; ওয়াশ সংক্রান্ত ভাল অভ্যাসগুলো নিয়ে বার্তা তৈরি ও প্রচার (যেমন- সংস্কৃতিগতভাবে সংবেদনশীল মাসিক স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা সংক্রান্ত সচেতনতামূলক উদ্যোগ, হাত ধোয়া সংক্রান্ত বার্তা)।

	নারী, মেয়ে, পুরুষ ও ছেলেদের আচরণগত পরিবর্তন পরিমাপের জন্য সূচক তৈরি: • লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক সূচক ব্যবহার করুন, যাতে জনগোষ্ঠীগুলোর মধ্যকার ঘাটতিগুলো চিহ্নিত ও নিরুপন করা যায়। **ওয়াশ সম্পর্কিত আচরণগত পরিবর্তনের সাথে সম্পর্কিত গুণগত মানের সূচক তৈরি করুন, উদাহরণস্বরূপ:** • পানি সংগ্রহের দায়িত্ব ভাগ করে নিচ্ছেন এমন পুরুষদের শতকরা হার পরিকল্পিত কর্মসূচি নিরূপনে জেন্ডার উইথ এজ মার্কার (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।
রিসোর্স মোবিলাইজেশন	• ওয়াশ সেক্টরে নারী, মেয়ে, পুরুষ ও ছেলেদের সুনির্দিষ্ট প্রয়োজনের লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) তুলে ধরুন, যাতে অগ্রাধিকারমূলক ক্ষেত্রগুলোতে তহবিল সরবরাহ করা যায় (লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-ভিত্তিক তথ্য (SADDD), জেন্ডার দৃষ্টিকোণ থেকে তথ্য ও মূল বার্তা প্রস্তুত কিংবা পর্যালোচনায় জেন্ডার হাব সহায়তা দিতে পারে)। • দাতাদের কাছে ওয়াশ সেক্টরে জেন্ডার সংক্রান্ত সম্পদের অপ্রতুলতার বিষয়টি তুলে ধরুন এবং তাদের কাছে নিয়মিত প্রতিবেদন পেশ করুন। • ওয়াশ সেক্টরের প্রোগ্রাম তৈরির সময় গ্যাম (GAM) অনলাইন টুল প্রয়োগ করে জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়নে (GEEWG) উক্ত সেক্টরের অবদান নিশ্চিত করুন।
বাস্তবায়ন এবং পর্যবেক্ষণ	ওয়াশ প্রোগ্রাম/প্রকল্পগুলোতে সিদ্ধান্ত গ্রহণ, বাস্তবায়ন ও পর্যবেক্ষণে নারী, মেয়ে, পুরুষ এবং ছেলেদেরকে সমান ও অর্থবহভাবে যুক্ত করুন; নিচের বিষয়গুলোকে সম্ভাব্য বিষয় হিসেবে বিবেচনা করুন: • প্রকল্প বাস্তবায়ন ও পর্যবেক্ষণে আরও বেশি হারে জেন্ডার ভারসাম্য নিশ্চিত করুন। উদাহরণস্বরূপ- কর্মসূচি বাস্তবায়ন ও পর্যবেক্ষণে নারীদের অধিকার সংক্রান্ত, যুব ও এলজিবিটিকিউআই (LGBTQI) সংগঠনগুলোকে জড়িত করুন; শিশুযত্ন পরিষেবা সরবরাহ করে নারী ও অল্প বয়সী মায়েদের সমান অংশগ্রহণ নিশ্চিত করুন; নারী কর্মী ও স্বেচ্ছাসেবীদের নিয়োগ, প্রশিক্ষণ ও চাকরিতে তাদের ধরে রাখতে সহায়তা করুন। • কর্মী ও স্বেচ্ছাসেবীদের, বিশেষত নারী কর্মী/স্বেচ্ছাসেবীদের সুরক্ষা নিশ্চিত করুন। উদাহরণস্বরূপ- নারী কর্মীদের যৌন নির্যাতন সম্পর্কিত সম্ভাব্য হুমকি, উত্যক্ত করা এবং হয়রানির ব্যাপারে অভিযোগ জানাতে ব্যবস্থা গ্রহণ করুন। • প্রাপ্ত পরিষেবাগুলো সম্পর্কে নারী, মেয়ে, পুরুষ ও ছেলেদের জানান, এগুলো কীভাবে পাওয়া যাবে, কোন সংস্থাগুলো তাদের এসব পরিষেবা সরবরাহ করে এবং এগুলো সরবরাহে তারা কীভাবে প্রভাব ফেলতে পারে, সে সম্পর্কে তাদের সচেতন করুন। উদাহরণস্বরূপ- প্রতিটা ক্যাম্পে সিডাব্লিইসির তথ্য কেন্দ্রগুলোতে ওয়াশ পরিষেবা সম্পর্কিত তথ্য সরবরাহ করুন। • শিশু-কিশোরবান্ধব, জেন্ডার সংবেদনশীল, অন্তর্ভুক্তি ও গোপনীয়তা (যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগসহ) নিশ্চিত করে এমন ধরনের ফিডব্যাক ও অভিযোগ পদ্ধতি তৈরি করুন ও চালু রাখুন। উদাহরণস্বরূপ- ফিডব্যাক ও অভিযোগ প্রকাশের জন্য বাক্স সরবরাহ করুন; হটলাইন পরিষেবা চালু করুন এবং বয়স ও লিঙ্গ-ভিত্তিক এফজিডি (FGD) করুন। প্রোগ্রামের কার্যক্রমের ফলে নারী, পুরুষ, ছেলে ও মেয়েদের মধ্যে যেকোনো পরিবর্তন, কোনো ধরনের ঝুঁকি, প্রবেশগম্যতা অথবা সামাজিক আচরণবিধি বা ভূমিকার পরিবর্তন, যা তাদের অংশগ্রহণকে ব্যাহত করতে পারে তা প্রতিনিয়ত পর্যবেক্ষণ করুন। উদাহরণস্বরূপ- নিজেদের নির্ধারিত সূচক, ওয়াশ সেক্টরের নেতৃত্বাধীন এফজিডি (FGD), অন্যান্য জেন্ডার রিভিউয়ের (অংশীদারী সংস্থা, গিহা ওয়ার্কিং গ্রুপ ইত্যাদি) দিকে নজর রাখুন। • নারী, মেয়ে, পুরুষ ও ছেলেদের ওয়াশ পরিষেবাগুলোতে প্রবেশগম্যতা রয়েছে কিনা, লক্ষ্য করুন। উদাহরণস্বরূপ- পরিষেবাগুলো সম্পর্কে, এগুলোর গুণগত মান ও বিতরণের পদ্ধতিতে নারী, পুরুষ, মেয়েরা ও ছেলেরা সন্তুষ্ট কিনা, তা নির্ধারণ করতে বয়স ও লিঙ্গ অনুসারে সন্তুষ্টি জরিপ পরিচালনা করুন। প্রকল্পের কারণে

	অনিচ্ছাকৃতভাবে নেতিবাচক কোনো প্রভাব পড়েছে কিনা, তা যাচাই করুন। কিংবা, কর্মসূচি বাস্তবায়নের কারণে অতিরিক্ত কোনো প্রভাব পড়েছে কিনা, তা যাচাই করুন। • জয়েন্ট রেসপন্স প্ল্যানের জেন্ডার-নির্দিষ্ট সূচকে অবদান রাখতে প্রোগ্রাম প্রণয়ন করুন। • জেন্ডার সমতা কার্যক্রম পর্যালোচনা ও উন্নত করতে গ্যাম (GAM) অনলাইন টুল প্রয়োগ করুন।
অপারেশনাল পিয়ার রিভিউ ও মূল্যায়ন	• ওয়াশ সেক্টরে নারী, মেয়ে, পুরুষ ও ছেলেদের সুনির্দিষ্ট প্রয়োজন, সক্ষমতা ও আকাঙ্ক্ষা সম্পর্কিত তথ্য, লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-ভিত্তিক তথ্য (SADDD) ও মূল বার্তা অন্যদেরকে জানান। • ওয়াশ সেক্টরে জেন্ডার রেসপন্সিভ পদ্ধতির ব্যবহার সম্পর্কিত ভাল অভ্যাসগুলো অন্যদেরকে জানান। • ওয়াশ সেক্টরের প্রকল্পগুলো মূল্যায়ন করে দেখুন সব নারী, মেয়ে, পুরুষ ও ছেলে, প্রতিবন্ধী ব্যক্তি, অন্য জেন্ডার ও ক্ষতিগ্রস্ত অন্যান্য জনগোষ্ঠীর কাছে পরিষেবাগুলো পৌঁছে দেয়া গেছে কিনা এবং সম্ভাব্য ঘাটতি ও অনিচ্ছাকৃত ভুলগুলো শনাক্ত করা হয়েছে কিনা। • ওয়াশ প্রোগ্রাম জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়নে (GEEWG) অবদান রাখছে কিনা, তা নিরূপণে গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন। • স্ফিয়ার হ্যান্ডবুক (Sphere Handbook) ও আইএএসসি (IASC) জেন্ডার নির্দেশিকায় বর্ণিত উন্নতিকরণের মানদণ্ডের ভিত্তিতে ওয়াশ সেক্টরের ন্যূনতম মান মূল্যায়ন করুন।

৯. অ্যাব্রিভিয়েশনের তালিকা

GAM (জিএএম): জেন্ডার উইথ এজ মার্কার

GBV (জিবিভি): জেন্ডার-বেজড ভায়োলেন্স/ জেন্ডার-ভিত্তিক সহিংসতা

GiHA (গিহা): জেন্ডার ইন হিউম্যানিটারিয়ার অ্যাকশন

GEEWG (জিইইডব্লিইজি): জেন্ডার ইকুয়ালিটি এন্ড এমপাওয়ারমেন্ট অফ ওমেন এন্ড গার্ল/ জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়ন

LGBTQI (এলজিবিটিকিউআই): হিজড়া, সমকামী, উভকামী ও অন্যান্য (লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার ও ইন্টারসেক্স)

MHM (এমএইচএম): মাসিককালীন স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা

PSEA (পিএসইএ): প্রিভেনশন অফ সেক্সুয়াল এক্সপ্লয়েটেশন এন্ড অ্যাবিউস/ যৌন শোষণ ও নির্যাতন প্রতিরোধ

SADDD (এসএডিডিডি): লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-বিভাজিত উপাত্ত

১০. পটভূমির তথ্য

জেন্ডার প্রোফাইল ও সংজ্ঞা

- জেন্ডার প্রোফাইল ১ (1) (ডিসেম্বর ২০১৭) ও ২ (2) (মার্চ ২০১৯)
- জেন্ডার ব্রিফস ১ (1) (মার্চ ২০১৮), ২ (2) (মার্চ ২০১৮), ৩ (3) (এপ্রিল ২০১৮), ৪ (4) (জুন ২০১৮) ও ৫ (5) (জুলাই ২০১৮)
- জেন্ডার মেইনস্ট্রিমিঙের রিভিউ (Review)
- জেন্ডার সংশ্লিষ্ট টার্মের সংজ্ঞা (Definition)

- মার্চ ২০১৯, *স্ট্রেনদেনিং দ্য হিউম্যানিটি ইন হিউম্যানিটারিয়ার অ্যাকশন ইন দ্য ওয়ার্ক অফ দ্য ওয়াশ সেক্টর ইন দ্য রোহিঙ্গা রেসপন্স,* এস. হাউজ, ডকুমেন্টটি পেতে এখানে ক্লিক করুন here
- ২০১৯, *এ নিউ জেন্ডার (এজিডি) ফোকাসড হাইজিন অ্যান্ড স্যানিটেশন ইনফ্রাস্ট্রাকচার পলিসি। এ পলিসি ফর ইনক্লুশন,* ইউএনএইচসিআর ওয়াশ ইউনিট, রোহিঙ্গা ক্রাইসিস রেসপন্স, কক্সবাজার, (ড্রাফট), ডকুমেন্টটি পেতে এখানে ক্লিক করুন here

যোগাযোগের জন্য মূল ব্যক্তি

ওয়াশ (সেক্টর)-এর জেন্ডার ফোকাল পয়েন্ট – মারিয়াঞ্জেলা ডি'আডামো (mdadamo@unicef.org)

ওয়াশ (সেক্টর)-এর জেন্ডার ফোকাল পয়েন্ট (বাস্তবায়নকারী সংস্থা) - ইফফাত ফাতেমা (ifatema@oxfam.org.uk)

জেন্ডার হাব - সাবিলা ই রাব্বি (genderhubcapdevo@iscgcxb.org)